গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২১.২৯.০০১.১৫-৫৪৯

তারিখ ঃ ১৯ কার্তিক ১৪২৩ ।
০৩ নভেম্বর ২০১৬ ।

বিষয় ঃ ই-জিপি ব্যবহারকারী হিসেবে কর্মকর্তাগণের প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষ্যে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের ১৮ অক্টোবর, ২০১৬ তারিখের ১৯০৭ সখ্যক ডিও পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ডি.ও পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৬ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের মন্ত্রিসভা বৈঠকের ১২৪ নং সিদ্ধান্তের নির্দেশনা অনুযায়ী ২০১৬ সালের ডিসেম্বরের মধ্যে দেশের সকল সরকারি ক্রয় ই-জিপির আওতায় আনার লক্ষ্যে সকল মন্ত্রণালয়ে/বিভাগ/সংস্থাকে ই-জিপি'র আওতায় আনার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী ই-জিপিতে অন্তর্ভুক্ত সংস্থার ৫ জন কর্মকর্তাকে ই-জিপি ব্যবহারকারী হিসেবে ৩ দিনের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। কিন্তু অধিকাংশ সংস্থা প্রশিক্ষণের জন্য ব্যবহারকারী কর্মকর্তাদের মনোনয়ন প্রেরণ করেননি। ফলে প্রত্যাশিত প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না। সকল ক্রয়কারী সংস্থা যথাসময়ে প্রশিক্ষণ গ্রহণ না করলে ২০১৬ সালের ডিসেম্বরের মধ্যে দেশের সকল ক্রয় ই-জিপিতে অন্তর্ভুক্তির পদক্ষেপ বাস্তবায়ন করা কঠিন হবে।

০২। **এমতাবস্থায়,** কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন যে সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা ই-জিপি ব্যবহারকারী হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করেননি সে সকল দপ্তর/সংস্থার ০৫ (পাঁচ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণের জন্য তাঁদের মনোনয়ন সিপিটিইউ-তে প্রেরণপূর্বক কর্মকর্তাদের যথাসময়ে প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩/১১/২০১৬

(মোঃ আসাদুজ্জামান)
উপসচিব
☎ঃ ৯৫৪০৮৮৫
e-mail-dsadmn32014@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা।

চলমান পাতা/০২

৯. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, জয়দেবপুর, গাজীপুর।
১১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), শেরে বাংলা নগর, ঢাকা।
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১৩. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৪. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৫. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খামারবাড়ি, সড়ক, ঢাকা।
১৬. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর।

সদয় জ্ঞার্তার্থে ও কার্যার্থে অনুলিপি ঃ

১। মহাপরিচালক, প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।